

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-১/৮৬৩

তারিখঃ ০৪-০৮-১৪২১ বঃ  
১৮-১১-২০১৪ খ্রিঃ

### দপ্তরাদেশ

বোর্ডের স্মারক নং ০৩-পাউবো(সচি)/বোর্ড-২, তারিখ ১৭-০১-২০১০ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত পরিপত্র আংশিক সংশোধন করতঃ “তথ্য অধিকার অধ্যাদেশ ২০০৯” বাস্তবায়নের লক্ষ্যে চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকার পরিবর্তে পরিচালক, প্রসেসিং সেকশন, বাপাউবো, ঢাকাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ের পক্ষে “দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা” হিসাবে মনোনয়ন প্রদান করা হইল। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বোর্ডের প্রধান কার্যালয়ের পক্ষে প্রতিটি তথ্য ইউনিটের সমন্বয়কারী হিসাবেও দায়িত্ব পালন করিবেন।

২। তথ্য অধিকার অধ্যাদেশ-২০০৯ অনুযায়ী সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের লক্ষ্যে বোর্ডের পক্ষে নিয়োজিত “প্রত্যেক তথ্য প্রদান ইউনিট” এবং সদর দপ্তরের সকল দপ্তর প্রধানগণ “দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হিসাবে” পরিচালক, প্রসেসিং সেকশন, বাপাউবো, ঢাকা-এর চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট তথ্য/উপাত্তের সফট কপি/ হার্ড কপি সরবরাহ করিবেন।

৩। প্রাসঙ্গিক তথ্যাদি চাহিবার সময় প্রসেসিং সেকশন, বাপাউবো, ঢাকা তথ্যাদি সংগ্রহের কারণও সুনির্দিষ্টভাবে উল্লেখ করিবেন।

৪। প্রধান কার্যালয়ের পক্ষে নিয়োজিত “দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা” এবং প্রতিটি “তথ্য প্রদান ইউনিট কর্মকর্তা” এতদসংক্রান্ত তথ্য/উপাত্ত বাপাউবোর্ডের ওয়েবসাইটে প্রচার করিবেন।

৫। এতদউদ্দেশ্যে প্রধান কার্যালয়ের “দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা”র চাহিদা মোতাবেক তথ্য সরবরাহে অসহযোগিতার কারণে উদ্ভূত পরিস্থিতির জন্য সংশ্লিষ্ট দপ্তর/ইউনিট দায়ী থাকিবেন।

৬। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

ডায়েরী নং ৭০৪  
প্রোগ্রামার  
সহকারী প্রোগ্রামার ১/২  
নেটওয়ার্ক প্রকৌশলী  
অফিস সহকারী  
সিস্টেম এনালিস্ট- ১/২

তারিখঃ ০৪/০৮/১৪২১  
জরুরী  
প্রয়োজনীয় ব্যবস্থা নিন  
নথিতে পেশ করুন  
নথিতে রাখুন  
তাগিদ পত্র দিন  
(আব্দুল খালেক)  
সচিব,  
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-১/৮৬৩/১(১৬)

তারিখঃ ০৪-০৮-১৪২১ বঃ  
১৮-১১-২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, প্রত্ন তথ্য ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) . . . . .
- ৩। পরিচালক, প্রসেসিং সেকশন, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/প্রকল্প-পরিচালক . . . . .
- ৫। পরিচালক, হিসাব/অর্থ/অডিট/শৃংখলা/কঃউঃ/কর্মচারী /প্রচার সেল/সওয়া পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী/ (সকল) . . . . .
- ৮। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৯। উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, . . . . .
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক ( . . . . . )/ সচিব, বাপাউবো, ঢাকা।

(মোঃ আব্দুল বাতেন)  
উপ-সচিব (প্রশাসন)  
বাপাউবো, ঢাকা।